

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University
ফোন : ০৩২১-৬২৮১২, ০৩২১-৬২৮৩৩, ফ্যাক্স : ০৩২১-৬২৭৮৮
ই মেইল : info@nstu.edu.bd, ওয়েবসাইট : www.nstu.edu.bd



শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ



বাংলা বিভাগ

Department of Bangla

ফোন : +৮৮ ০১৭১৮৫০৪৫৪৪, +৮৮ ০১৭৩৭৭৮৫৫২৯
ই মেইল : bangla2017.nstu@gmail.com

স্মারক : নোবিপ্রবি/ বাংলা /২০২৩/ ৪৫ন

তারিখ : ০৮/০৬/২০২৩

প্রাপক,


.....
.....
.....

মহোদয়

শুভেচ্ছা নিন।

নোবিপ্রবি বাংলা বিভাগ গবেষণা পত্রিকা প্রথম সংখ্যার জন্য লেখা জমা দেওয়ার সময় ৩১ জুলাই ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হলো। আগ্রহী লেখক-গবেষককে সংযুক্ত নীতিমালা অনুসরণে ইতঃপূর্বে অপ্রকাশিত ও অন্যত্র প্রকাশনার জন্য প্রেরণ করা হয়নি এমন মৌলিক গবেষণাপ্রবন্ধ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিভাগীয় সহকর্মীদের জন্য প্রচারের অনুরোধসহ -


(ড. এমডি, মাসুদ রহমান)
সম্পাদক
ও
অধ্যাপক ও চেয়ারম্যান
বাংলা বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
মোবাইল: ০১৭১৮৫০৪৫৪৪

ড. এমডি. মাসুদ রহমান
অধ্যাপক ও চেয়ারম্যান
বাংলা বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৫

বাংলা বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪

নোবিসবি বাংলা বিভাগ গবেষণা পত্রিকার নীতিমালা

লেখকের জ্ঞাতব্য

১. বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ক অপ্রকাশিত মৌলিক গবেষণা প্রবন্ধ প্রকাশের জন্য বিবেচ্য হবে।
২. প্রবন্ধের ভাষা হবে বাংলা। তবে শুরুতে গবেষণার লক্ষ্য ও প্রাপ্তি সম্পর্কিত অনধিক ২০০ শব্দের একটি ইংরেজি সারসংক্ষেপ থাকবে। ইংরেজি উদ্ধৃতি গ্রহণযোগ্য।
৩. একই প্রবন্ধে ০২(দুই) জনের অধিক লেখকের নাম অনুমোদন করা হবে না।
৪. একই প্রাবন্ধিকের প্রবন্ধ পর পর দুটো সংখ্যায় ছাপা হবে না।
৫. প্রবন্ধটি A-4 সাইজের কাগজে ১৪ পয়েন্ট বাংলা SutonnyMJ ইংরেজি Times New Roman ফন্টে দুই লাইনের মাঝখানে ১.৫ ফাঁক রেখে দুদিকে সমতাবিধান (justified) করে পাঠাতে হবে। পৃষ্ঠার চারদিকে ১ ইঞ্চি পরিমাণ স্থান ফাঁকা রাখতে হবে।
৬. প্রবন্ধের দুটি হার্ডকপি সম্পাদক বরাবর সরাসরি/ডাকযোগ্য এবং একটি সফটকপি নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করতে হবে। ইমেইল: bangla.journal@office.nstu.edu.bd
৭. প্রেরিত প্রবন্ধটি বা তার কোনো অংশ ইতঃপূর্বে কোথাও পঠিত হয়নি এবং কোনো মাধ্যমে প্রকাশিত হয়নি বা প্রকাশের জন্য প্রেরণ করা হয়নি, এই মর্মে একটি প্রত্যয়নপত্র পেশ করতে হবে। মূল প্রবন্ধে শুধু লেখার শিরোনাম থাকবে। লেখকের নাম-ঠিকানা স্বতন্ত্র পৃষ্ঠায় দিতে হবে।
৮. প্রবন্ধের শব্দসংখ্যা সর্বনিম্ন ৩০০০ এবং সর্বোচ্চ ৬০০০।
৯. বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসরণ করতে হবে। উদ্ধৃতি অবশ্যই মূলানুগ থাকবে।
১০. তথ্যসূত্র, রচনাপঞ্জি ইত্যাদিসহ প্রবন্ধ উপস্থাপনে এমএলএ (MLA) রীতি ব্যবহার করতে হবে। (যেমন : সৈয়দ আজিজুল হক, ২০২০ : ২১০)। উদ্ধৃতির ক্ষেত্রে ২৫ শব্দের উপরে হলে মূল পাঠের নিচে নতুন অনুচ্ছেদে উল্লেখ করতে। কোনো ক্ষেত্রে সুস্পষ্ট নির্দেশনা পাওয়া না গেলে উক্ত রীতির সাথে সামঞ্জস্য বজায় রেখে উপস্থাপনা করতে হবে। একই লেখকের একই বর্ষে একাধিক গ্রন্থ প্রকাশিত হলে প্রকাশালের সাথে ক, খ, গ যুক্ত করে দিতে হবে।
রচনাপঞ্জির দৃষ্টান্ত :
বই থেকে
সৈয়দ আজিজুল হক (২০২০)। *কথাশিল্পী মানিক*। কথাপ্রকাশ, ঢাকা।
সম্পাদিত বই থেকে
সিরাজুল ইসলাম [সম্পা.] (২০০৩)। *বাংলাপিডিয়া* খণ্ড ১। বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা।
সম্পাদিত বই থেকে প্রবন্ধ
স্বরাটচিষ সরকার (২০১৯)। 'বাংলা একাডেমীর পঞ্জিকা সংস্কার'। *বাংলাদেশের উৎসব : নববর্ষ বাংলাদেশে ও উৎসব : নববর্ষ* [সম্পা. মোবারক হোসেন]। বাংলা একাডেমি, ঢাকা। পৃ. ১০৯-১১৪।
পত্রিকা থেকে
মহিবুল আজিজ (২০২০)। 'মিশনারি চ্যাম্পিউন জনমার ডক এবং উনিশ শতকের শিক্ষা-পরিস্থিতি'। *সাহিত্যিকী*। বাংলা গবেষণা সংসদ, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী। সংখ্যা : ৫০ বর্ষ : ৬১, জুন ২০২০। পৃ. ১১৫-১৫৪।
১১. ওয়েবসাইট থেকে গৃহীত তথ্য ব্যবহৃত হলে উৎস নির্দেশের জন্য লিংক, তথ্য গ্রহণের তারিখ উল্লেখ করতে হবে। দৃষ্টান্ত: Zinder Ariel, (2020) 'How to corner a poem', <https://link.springer.com/article/10.1057/s41280-020-00185-6> (Accessed 10 september 2020)। এসব ক্ষেত্রে গবেষকের নিকট হার্ড কপি সংরক্ষণ করা সমীচীন হবে। অখ্যাত ছদ্মনামী কোনো লেখকের লেখা ও সম্পাদকবিহীন কোনো ব্লগের তথ্য-উপাত্ত গ্রহণযোগ্য নয়।
১২. গবেষক কর্তৃক অমুদ্রিত সাক্ষাৎকার ও মাঠপর্যায়ে প্রাপ্ত তথ্য ব্যবহৃত হলে তার পক্ষে প্রয়োজনীয় প্রমাণাদি দাখিল/ সংরক্ষণ করতে হবে।